



# বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি

স্মারক নং- বিবিধ/কলেজ/২০২০/২৪০

তারিখ: ৩১/০১/২০২৩

## জরুরি বিজ্ঞপ্তি

**বিষয়:** ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে সর্বশেষ ৪র্থ পর্যায়ে Online- এর মাধ্যমে ভর্তির আবেদন, ফল প্রকাশ, নিশ্চায়ন ও কলেজে ভর্তির সময়সূচি।

শিক্ষার্থী, অভিভাবক ও বিভিন্ন কলেজের অধ্যক্ষগণের আবেদনের প্রেক্ষিতে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে Online- এর মাধ্যমে ভর্তির লক্ষ্যে পুনরায় ৪র্থ (সর্বশেষ) ধাপে আবেদন গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এ বিষয়ে সংশ্লিষ্ট শিক্ষার্থী ও অভিভাবকসহ সকলকে নিম্নোক্ত সময়সূচি অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো। আবেদন পদ্ধতি শিক্ষা বোর্ডসমূহের নির্ধারিত ভর্তি ওয়েবসাইট [www.xiclassadmission.gov.bd](http://www.xiclassadmission.gov.bd) তে প্রদত্ত পূর্ণাঙ্গ নির্দেশিকা অনুসরণ করতে হবে। সংশ্লিষ্ট শিক্ষার্থী ও অভিভাবকদের কলেজে বিদ্যমান আসন সংখ্যা দেখে সর্বনিম্ন ০৫(পাঁচ)টি এবং সর্বোচ্চ ১০(দশ)টি কলেজে আবেদন করতে হবে।

**২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ৪র্থ (সর্বশেষ) ধাপে Online- এর মাধ্যমে যে সকল শিক্ষার্থী আবেদন করতে পারবে:**

১. যে সকল শিক্ষার্থী পূর্বে আবেদন করেনি বা আবেদন করে কোন কলেজে মনোনয়ন পায়নি;
২. যে সকল শিক্ষার্থী চূড়ান্ত মনোনয়ন পেয়েছে কিন্তু কোন কারণে কলেজে নির্ধারিত তারিখের মধ্যে ভর্তি হতে পারেনি কিংবা নিশ্চায়ন করতে পারেনি।

**২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ৪র্থ (সর্বশেষ) ধাপে Online- এর মাধ্যমে ভর্তির জন্য নিম্নোক্ত সময়সূচি অনুসরণ করতে হবে:**

ক্রমিক নং	বিষয়	তারিখ
০১	৪র্থ (সর্বশেষ) পর্যায়ের আবেদন গ্রহণ	০৬/০২/২০২৩ (সোমবার) থেকে ০৮/০২/২০২৩ (বুধবার রাত ৮.০০টা পর্যন্ত)
০২	৪র্থ (সর্বশেষ) পর্যায়ের আবেদনের যাচাই বাছাই	০৯/০২/২০২৩ (বৃহস্পতিবার)
০৩	৪র্থ (সর্বশেষ) পর্যায়ের আবেদনের ফল প্রকাশ	১২/০২/২০২৩ (রবিবার রাত ৮.০০ টায়)
০৪	৪র্থ (সর্বশেষ) পর্যায়ের শিক্ষার্থীর Selection নিশ্চায়ন ও কলেজে ভর্তি	১৩/০২/২০২৩ (সোমবার) থেকে ১৫/০২/২০২৩ (বুধবার বিকাল ৫.০০টা পর্যন্ত)

**বিঃদ্রঃ** উল্লেখ্য, “২০২২-২৩ শিক্ষাবর্ষ একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা- ২০২২” অনুসরণপূর্বক অনলাইন ব্যতীত ম্যানুয়ালি কোন ভর্তি করা হবে না। এ বিষয়ে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান, অভিভাবক ও শিক্ষার্থীদের পুনরায় অবহিত করা যাচ্ছে।

প্রফেসর তপন কুমার সরকার  
সভাপতি

আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি

ও

চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা